অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন ডিসেম্বরের শেষের দিকে ব্লিজার্ডে ক্ষতিগ্রস্ত ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দা ও ব্যবসার জন্য 15 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল সহায়তা প্রদান করেছে

ইরি, ক্যাটারাগাস, শ্যাটাকোয়া, জিনেসি, নায়াগ্রা এবং ওয়াইওমিং কাউন্টিতে শীতকালীন ঝড় এলিয়ট দ্বারা ক্ষতিগ্রস্ত 500 এর বেশি বাসা ও ব্যবসার মালিকদের জন্য কম সুদের ঋণ উপলভ্য করা হয়েছে

মোট 15.8 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল সহায়তা হলো বিধ্বংসী ঝরে ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য গভর্নর হোকলের নিশ্চিত করা রাষ্ট্রপতির মুখ্য দুর্যোগ ঘোষণার অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 2022 সালের ডিসেম্বর মাসে শীতকালীন ঝড় এলিয়টে ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদেরকে মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন (U.S. Small Business Administration, SBA) 15 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল সহায়তা প্রদান করেছে। ইরি, ক্যাটারাগাস, শ্যাটাকোয়া, জিনেসি, নায়াগ্রা এবং ওয়াইওমিং কাউন্টির যোগ্য বাসা ও ব্যবসার মালিকেরা SBA ঋণ রূপে ফেডারেল সহায়তা পাওয়ার জন্য আবেদন করতে পারবে, ঝড়টি ওয়েস্টার্ন নিউ ইয়র্কের অধিকাংশ অঞ্চলকে দীর্ঘস্থায়ী ব্লিজার্ড পরিস্থিতি, তীব্র বাতাস, এবং চরম ঠাণ্ডা বাতাস দ্বারা বিপর্যস্ত করেছিলো। কম সুদের ঋণের মধ্যে রয়েছে বাসিন্দাদের জন্য 13.5 মিলিয়ন মার্কিন ডলার, ব্যবসার জন্য প্রায় 2 মিলিয়ন মার্কিন দলের এবং 700,000 মার্কিন ডলারের অর্থনৈতিক আঘাত দুর্যোগ ঋণ (Economic Injury Disaster Loans) মোট 531টি ব্যবসা ও বাসাকে সহায়তা করেছে।

"ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসীরা আমার দেখা সেরা শক্ত মানুষদের মধ্যে রয়েছে, কিন্তু এই ঝড়টি সবদিক দিয়েই বিধ্বংসী ছিলো," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্ক বাসীদের পুনরায় নিজের পায়ে দাঁড়াতে, এই ঐতিহাসিক ঝড়ের পর পুনর্গঠন ও পুনরুদ্ধার পেতে অতি প্রয়োজনীয় এই সহায়তা প্রদানের জন্য রাষ্ট্রপতি বাইডেন ও ক্ষুদ্র ব্যবসা প্রশাসনকে আমার ধন্যবাদ।"

জরুরি অবস্থা বা আবহাওয়া সংক্রান্ত দুর্যোগের পরবর্তীতে, যদি যোগ্য বাড়ির মালিক, ভাড়াটিয়া, ব্যবসা ও অন্যান্যদের আর্থিক সমর্থন প্রয়োজন হয় তাহলে প্রায়শই SBA ঋণ উপলভ্য করা হয়। 2022 সালের ডিসেম্বর মাসে শীতকালীন ঝড় এলিয়টের পরে, নিউ ইয়র্ক স্টেটের স্বদেশ নিরাপত্তা

ও জরুরি সেবা বিভাগ (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) এবং ইরি কাউন্টি এই ঝড় সংক্রান্ত ক্ষয়ক্ষতির একটি পুঙ্খানুপুঙ্খ মূল্যায়ন করেছে যা SBA সহায়তাকে উন্মোচিত করেছে। নিউ ইয়র্কবাসীদের সশরীরে এসে সহায়তার জন্য আবেদন করতে সাহায্য করার জন্য দুইটি বাস্তব অবস্থানে দুর্যোগ ঋণ আউটরিচ কেন্দ্র (Disaster Loan Outreach Centers) খুলতে DHSES ইরি কাউন্টি এবং SBA এর সাথে কাজ করেছে।

কম সুদের দুর্যোগ ঋণের জন্য উপযুক্ত গোষ্ঠীগুলি হলো:

- বাড়ির মালিক: তাদের মূল আবাস মেরামত করার জন্য 200,000 মার্কিন ডলার পর্যন্ত
- বাড়ির মালিক ও ভাড়াটিয়া: ক্ষতিগ্রস্ত হওয়া অথবা ধ্বংস হয়ে যাওয়া ব্যক্তিগত সম্পত্তি মেরামত বা প্রতিস্থাপনের জন্য 40,000 ডলার পর্যন্ত
- ব্যবসার মালিক: ভূমি সম্পদ, ইনভেন্টরি, মেশিন, সরঞ্জাম, এবং অন্যান্য ভৌত ক্ষয়ক্ষতির প্রতিস্থাপনের জন্য 2,000,000 মার্কিন ডলার পর্যন্ত
- ব্যবসা প্রতিষ্ঠান ও অলাভজনক সংস্থা: দুর্যোগের পরে স্বাভাবিক কার্যক্রম পুনরায় শুরু না হওয়া পর্যন্ত কাজ চালিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় মূলধন সরবরাহ করতে অর্থনৈতিক ক্ষতির জন্য 2,000,000 ডলার পর্যন্ত দুর্যোগকালীন ঋণ (Economic Injury Disaster Loans)

স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের কমিশনার জ্যাকি ব্রে বলেন, "গত ডিসেম্বরে, ওয়েস্টার্ন নিউ ইয়র্ককে একটি ঐতিহাসিক ব্লিজার্ড সহ্য করতে বাধ্য করা হয়েছে যা পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহকে বিপর্যস্ত করেছে। গভর্নর হোকল এবং আমাদের ফেডারেল অংশীদারদের নেতৃত্বের কারণে, নিউ ইয়র্কবাসীরা প্রায় 16 মিলিয়ন মার্কিন ডলার কম সুদের ঋণ পাওয়ার সুযোগ পাবে যা বাসিন্দাদের এবং ব্যবসার পুনরুদ্ধারে অত্যাবশ্যকীয় ভূমিকা পালন করে।"

সিনেটর চাক ই. শুমার বলেন, "শীতকালীন ঝড় এলিয়ট প্রজন্মে একবার হয় এমন একটি ঝড় ছিলো, এটি চরম বিপজ্জনক পরিস্থিতি নিয়ে এসেছে, অবকাঠামোর মারাত্মক ক্ষতি করেছে, এবং বাফেলো ও নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহে গণ বিদ্যুৎ বিভ্রাটের কারণ হয়েছে। সেজন্য স্টেটে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ফেডারেল সহায়তা আনার জন্য নিউ ইয়র্কের জরুরি ঘোষণা অনুরোধকে রাষ্ট্রপতি বাইডেনের দ্বারা অনুমোদিত করা নিশ্চিত করতে আমি অবিরাম লড়াই করেছি এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন যে ঝড়ে প্রভাবিত নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসা ও বাসিন্দাদের 15 মিলিয়ন মার্কিন ডলারের বেশি কম সুদের ঋণ প্রদান করছে তার জন্য আমি গর্বিত। শীতকালীন ঝড় এলিয়টে ক্ষতিগ্রস্ত ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং পুরো স্টেটের সম্প্রদায়সমূহের জন্য তাদের প্রয়োজনীয় ত্রাণ প্রদান করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য আমি তার প্রশংসা করছি, এবং এই মর্মান্তিক ঝড় দ্বারা আক্রান্ত সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে পুনর্গঠন ও পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সংস্থান থাকে তা নিশ্চিত করতে আমি লড়াই চালিয়ে যাবো।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "শীতকালীন ঝড় এলিয়ট ছিলো একটি বিধ্বংসী ব্লিজার্ড যা ওয়েস্টার্ন নিউ ইয়র্কজুড়ে হাজার হাজার মানুষকে প্রভাবিত করেছে। বাইডেন প্রশাসনের প্রতি আমাদের অ্যাডভোকেসির পর ওয়েস্টার্ন নিউ ইয়র্কের পুনর্গঠনে বাসিন্দা ও ব্যবসাকে সাহায্য করার জন্য ক্ষুদ্র ব্যবসা প্রশাসন 15 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করছে বলে আমি গর্বিত। আমি এই ঝড়ের দ্বারা প্রভাবিত সম্প্রদায়সমূহের জন্য লড়াই অব্যাহত রাখবো যাতে পুনর্গঠন এবং পুনরুদ্ধারের জন্য তাদের প্রয়োজনীয় তহবিল ও সংস্থান প্রদান করা নিশ্চিত করা যায়।"

প্রতিনিধি ব্রায়ান হিগিন্স বলেন, "শীতকালীন ঝড় এলিয়ট ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সম্প্রদায়জুড়ে পরিবার, বাসা, এবং ব্যবসাকে বিপর্যস্ত করেছে। ক্ষয়ক্ষতির মূল্যায়ন এবং পুনরুদ্ধার প্রয়াসে অনেক সপ্তাহ ও মাস লেগেছে, এবং এখনো আমাদের সম্প্রদায় প্রজন্মে একবার হয় এমন এই ঝড়টিতে হারানো প্রাণ নিয়ে শোক করছে। সর্বাধিক প্রয়োজন আছে আছে এমন ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসীকে তাদের বাড়ি ও জীবিকায় ঝড়ের জন্য হওয়া ক্ষতির প্রভাব সমাধান করতে ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) প্রদত্ত দুর্যোগ ত্রাণ তহবিলের উপর গঠিত হওয়া মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের সমর্থন প্রয়োজনীয় আর্থিক সংস্থান প্রদান করতে পাছে। এইসব স্থানীয়কৃত ফেডারেল প্রয়াসের কারণে আমাদের সম্প্রদায় একত্রে পুনর্গঠন, পুনরুদ্ধার, এবং নিরাময়ে মনোনিবেশ করতে পারবে।"

প্রতিনিধি নিক ল্যাংওয়ার্দি বলেন, "শীতকালীন ঝড় এলিয়ট ওয়েস্টার্ন নিউ ইয়র্কের জন্য বিধ্বংসী পরিণতি নিয়ে এসেছিলো, সর্বাধিক ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহের কাছে যাতে পুনরুদ্ধার ও সমৃদ্ধির জন্য তাদের প্রয়োজনীয় সংস্থান থাকে তা নিশ্চিত করার জন্য ফেডারেল ও স্টেটের কর্তৃপক্ষের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত। এই তহবিল হলো শতাব্দীতে একবার হয় এমন ঝড় থেকে যাতে পরিবার ও ক্ষুদ্র ব্যবসা পূর্বের থেকেও দৃঢ়ভাবে বের হয়ে আসতে পারে তা নিশ্চিত করার প্রতি আমাদের অবিচল প্রতিশ্রুতির ধারাবাহিকতা।"

মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের মাঠ পর্যায়ের কর্মপরিচালনার পরিচালক ইস্ট কেম ফ্লেমিং বলেন, "এই দুর্যোগের ফলে অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন হয়েছে এবং SBA থেকে কম সুদে ঋণের জন্য আবেদন করতে চায় এমন ক্ষুদ্র ব্যবসাসমূহকে 27 নভেম্বরের শেষ তারিখের পূর্বে আবেদন করতে তাগিদ দেওয়া হচ্ছে।"

ইরি কাউন্টির নির্বাহী মার্ক সি. পোলনকার্জ বলেন, "রাষ্ট্রপতি বাইডেনের ঘোষিত মুখ্য দুর্যোগ (Major Disaster) প্রাণঘাতী ও বিধ্বংসী ক্রিসমাস ব্লিজার্ডের পর ক্ষুদ্র ব্যবসা প্রশাসন থেকে 500 এর বেশি বাসা ও ব্যবসার মালিকেরা অতি প্রয়োজনীয় আর্থিক সহায়তা পেয়েছে। এই ঘোষণা প্রদান করে এই তহবিলকে সক্রিয় করার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি এবং এটি করার ব্যাপারে গভর্নর হোকলের অ্যাডভোকেসির জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

বাফেলোর মেয়র বায়রন ডব্লিউ. ব্রাউন বলেন, "ডিসেম্বরের ঐতিহাসিক ব্লিজার্ডটি আমাদের সম্প্রদায়ে উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রভাব ফেলেছে। আমরা যখন পুনরুদ্ধার করে যাচ্ছি এবং আসন্ন শীতকালীন মৌসুমের জন্য পরিকল্পনা করছি, তখন আমাদের সম্প্রদায়ের জন্য

প্রয়োজনীয় সংস্থান লাভ করা অতি গুরুত্বপূর্ণ। যেসকল ব্যবসার প্রয়োজন সর্বাধিক তাদের ত্রাণ প্রদান করতে বাইডেন প্রশাসনের সাথে কাজ করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি।"

SBA ঋণ কর্মসূচিটি ফেডারেল সহায়তার উপর ভিত্তি করে গঠিত হয়েছে যা গত ডিসেম্বরের শীতকালীন ঝড়ের দ্বারা প্রভাবিত সম্প্রদায়সমূহকে ফেডারেল সহায়তা প্রদান করার জন্য ইতিমধ্যে মার্চ মাসে গভর্নর হোকলের ঘোষিত একটি মুখ্য দুর্যোগ ঘোষণার মাধ্যমে অনুমোদিত হয়েছে।

ঘোষণার অধীনে, ইরি, জিনেসি, নায়াগ্রা, সেইন্ট লরেন্স এবং সাফোক কাউন্টি প্রত্যেকেই ফেডারেল সরকারি সহায়তা কর্মসূচির (Public Assistance Program) জন্য উপযুক্ত হবে, এটি সরকারি মালিকানাধীন অবকাঠামোর পুনঃস্থাপন সমর্থন করতে তহবিল প্রদান করে। এছাড়াও ঘোষণাটি ইরি ও নায়াগ্রা কাউন্টিতে তুষার অপসারণ কর্মকাণ্ডের জন্য ফেডারেল ব্যয়পূরণ প্রদান করে, এবং FEMA er ব্যক্তিগত সহায়তা (Individual Assistance) কর্মসূচির অধীনে, ক্ষতিগ্রস্ত ইরি ও নায়াগ্রা কাউন্টিতে, যেখানে 47 জন নিউ ইয়র্কবাসী মর্মান্তিকভাবে প্রাণ হারিয়েছে, সেখানে অন্ত্যেষ্টিক্রিয়ার সহায়তা উপলভ্য করে।

একটি মুখ্য দুর্যোগ ঘোষণা পাওয়ার জন্য দুর্যোগে হওয়া ক্ষতি এবং এর সংশ্লিষ্ট ক্ষয়ক্ষতির মূল্যায়ন করার জন্য DHSES এর দুর্যোগ পুনরুদ্ধার অফিস (Disaster Recovery Office) সরাসরি তাদের FEMA সহকর্মীদের এবং ক্ষতিগ্রস্ত স্থানীয় সরকারসমূহের সাথে কাজ করেছে।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ এবং অন্যান্য জরুরি পরিস্থিতি প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার এবং প্রশমিত করার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরো তথ্যের জন্য DHSES-কে ফেসবুক, টুইটার-এ খুঁজুন বা ভিজিট করুন dhses.ny.gov।

###